গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ২০/০৫/২০২২খ্রি.

১ম বর্ষ অনার্স প্রাথমিক আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম প্রাথমিক আবেদন ২২ মে বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ০৯ জুন ২০২২ তারিখ রাত ১২ টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে ১১ জুন ২০২২ তারিখের মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২৫০/- টাকা ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দিয়ে প্রাথমিক আবেদন নিশ্চায়ন করতে হবে। অন্যথায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি: (মোবাইল ব্যাংকিং ব্যতীত নগদ টাকা গ্রহণ যোগ্য নয়)

Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/
অপশান লগ ইন করে ভর্তি ফরম এর ভর্তির রোল ও ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেক্ট করে (সোনালী ব্যাংক **Account** ট্রান্সফার)/মোবাইল ব্যাংকিং **Rocket/bkash/Nagad/tap**/কার্ড **Nexus/Amex/VISA/MASTER** এর মাধ্যমে টাকা জমা দিতে হবে। মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে অনলাইন থেকে রশিদ সংগ্রহ পূর্বক প্রাথমিক আবেদন ফরম এর সাথে এস.এসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরফর্দের ফটোকপি ০২ (দুই সেট) কলেজ নির্ধারিত বুথে জমা দিতে হবে। (টাকা পেমেন্ট সংক্রান্ত জটিলতার জন্য যোগাযোগ: ০১৬২১৬৩৫৪৭৫)

১। আবেদন ফরম জমা দেয়ার স্থান ও সময় :-

বিভাগ	জমা দেয়ার স্থান	তারিখ ও সময়
মানবিক ও বিজ্ঞান	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ প্রশাসনিক ভবন (৩য় তলা)	২২/০৫/২০২২ থেকে ১১/০৬/২০২২ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত
ব্যবসায় শিক্ষা	হিসাববিজ্ঞান বিভাগ কমিশনার জয়নাল আবেদীন ভবন ৫ম তলা	

নিম্নলিখিত বিষয়সমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

ক্রমিক নং	বিষয়ের নাম	বিষয় কোড	ক্রমিক নং	বিষয়ের নাম	বিষয় কোড
০১	বাংলা	১০০১	০৯	হিসাববিজ্ঞান	২৫০১
০২	ইংরেজি	১১০১	১০	ব্যবস্থাপনা	২৬০১
০৩	ইতিহাস	১৫০১	১১	পদার্থবিদ্যা	২৭০১
০৪	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১৬০১	১২	রসায়ন	২৮০১
০৫	দর্শন	১৭০১	১৩	উদ্ভিদবিদ্যা	৩০০১
০৬	রাষ্ট্রবিজ্ঞান	১৯০১	১৪	প্রাণিবিদ্যা	৩১০১
০৭	সমাজকর্ম	২১০১	১৫	গণিত	৩৭০১
০৮	অর্থনীতি	২২০১			

আবেদনের সাধারণ যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ এবং ২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ এবং ২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) ২০১৮/২০১৯ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০/২০২১ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

চ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

জ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

22/05/2022

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।